# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৩৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য "পৃথিবীতে তোমরা ছাড়া আর কেউ এই সালাতের জন্য অপেক্ষা করছে না" এর দ্বারা উদ্দেশ্য হলো অন্যান্য ধর্মের লোক

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (مَا يَنْتَظِرُهَا أَحَدٌ مِنْ أَهْلِ الْأَرْضِ غَيْرُكُمْ) أَرَادَ بِهِ: مِنْ أَهْلِ الْأَدْيَانِ غَيْرُكُمْ

آরবী

1534 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورِ بْنِ الْمُعْتَمِرِ عَنِ الْحَكَمِ بْنِ عُتَيْبَةَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: مَكَثْنَا ذَاتَ لَيْلَةٍ نَنْتَظِرُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِعِشَاءِ الْآخِرَةِ فَخَرَجَ عَلَيْنَا حِينَ ذَهَبَ ثُلُثُ اللَّيْلِ أَوْ بَعْدَهُ فَقَالَ حِينَ خَرَجَ: (إِنَّكُمْ تَنْتَظِرُونَ صَلَاةً مَا يَنْتَظِرُهَا أَهْلُ دِينٍ غَيْرُكُمْ وَلَوْلَا أَنْ تَثْقُلَ عَلَى أُمَّتِي لَصَلَّيْتُ بِهِمْ هَذِهِ الصَّلَاةَ هَذِهِ السَّاعَةَ) قَالَ: ثُمَّ أَمَرَ الْمُؤَذِّنَ فَأَقَامَ ثُمَّ صَلَّى.

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1534 | خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح أبي داود)) (448)

বাংলা

১৫৩৪. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "একরাতে আমরা ইশার সালাতের জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতীক্ষা করছিলাম। অতঃপর যখন রাতের এক-তৃতীয়াংশ বা আরোও পর বের হলেন এবং বললেন, "তোমরা এমন এক সালাতের জন্য প্রতিক্ষা করছো, যার জন্য অন্য কোন ধর্মের লোক অপেক্ষা করছে না। যদি আমার উম্মাতের উপর কঠিন না হতো, তবে এই সালাত আমি এই সময়ে আদায় করতাম।" রাবী বলেন, "তারপর তিনি মুয়াযি্যনকে ইকামাত দেওয়ার আদেশ করলেন, ফলে মুয়াযি্যন ইকামাত দিলেন তারপর তিনি সালাত আদায় করলেন।"[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৬৩৯; নাসাঈ: ১/২৬৭; সুনান বাইহাকী: ১/৪৫০; আবূ দাঊদ: ৪২০; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৫৬; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৪৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৩১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৪৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90849

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন